

রাবি শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ তদন্তে কমিটি

সাময়িক অব্যাহতি

রাবি প্রতিনিধি

২৪ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদেশময়



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) উর্দ্ব বিভাগের সাবেক সভাপতি অধ্যাপক মো. আতাউর রহমানকে বিভাগের সব একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম থেকে সাময়িক অব্যাহতি দেওয়া হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

UNIBOTS

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, উর্দ্ধ বিভাগের সাবেক সভাপতি প্রফেসর মো. আতাউর রহমানের মেয়াদকালের আয়-ব্যয়ের সমূদয় হিসাব সম্পর্কে অভিযোগের ভিত্তিতে বিজ্ঞান অনুষদের অধিকর্তা প্রফেসর নাসিমা আখতারকে আহ্বায়ক করে ৬ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠিত হয়েছে। ১২ ডিসেম্বর অনুষ্ঠিত রাবি সিভিকেটের ৫৩তম সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্ত কমিটির রিপোর্ট না আসা পর্যন্ত প্রফেসর আতাউর রহমানকে উর্দ্ধ বিভাগের সব প্রকার একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।